গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২৫.১৮১

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৮ জুন ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে উপকূলীয় অঞ্চলে আধুনিক প্রযুক্তি ও স্বাস্থ্যসম্মত উপায়ে গোলপাতার গুড় উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.১০২৮; তারিখ: ০২-০৪-২০২৬ খ্রি.।
২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২৫.১৮০, তারিখ: ০৭-০৬-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে এ মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫-কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে উপকূলীয় অঞ্চলে আধুনিক প্রযুক্তি ও স্বাস্থ্যসম্মত উপায়ে গোলপাতার গুড় উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি বাবদ ৭২.৫২ লক্ষ (বাহাত্তর লক্ষ বায়ান্ন হাজার) ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি গুড় তৈরীর সরঞ্জামাদি বাবদ ব্যয় বিবরণী; ০৩ নং অনুচ্ছেদে কৃষক-কৃষাণী/ উদ্যোক্তাদের প্রতি ব্যাচে প্রশিক্ষণের ব্যয় বিভাজন; ০৪ নং অনুচ্ছেদে প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক সংখ্যা ও অর্থ বিভাজন এবং ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি গুড় তৈরীর সরঞ্জামাদি বাবদ ব্যয় নিম্নরূপ:

| ক্র. নং | উপকরণের বিবরণ | পরিমাণ (সংখ্যা) টি | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ডোংগা (অ্যালুমিনিয়াম) ৫´ X ৪´ | ১ | ৭০০০.০০ | ৭০০০.০০ |
| ২ | কড়াই (অ্যালুমিনিয়াম, বড়) | ১ | ১২০০.০০ | ১২০০.০০ |
| ৩ | উপরি/উড়ি (স্টিল, ৩.৫ ফুট লম্বা) | ১ | ৮০০.০০ | ৮০০.০০ |
| ৪ | বৈঠা (কাঠের, ২ ফুট লম্বা) | ২ | ৫০০.০০ | ১০০০.০০ |
| ৫ | খুনতি | ২ | ৫০০.০০ | ১০০০.০০ |
| ৬ | দা (লোহা, বড়) | ২ | ৭৫০.০০ | ১৫০০.০০ |
| ৭ | গাদ কাটার ছাকনি | ২ | ২৫০.০০ | ৫০০.০০ |
| ৮ | কলসি (অ্যালুমিনিয়াম, ১৫ লিটার) | ২ | ১০০০.০০ | ২০০০.০০ |
| | | | মোট = (পনেরো হাজার টাকা) | ১৫,০০০.০০ |

০৩। এক (০১) দিন মেয়াদি ত্রিশ (৩০) জন কৃষক-কৃষাণী/ উদ্যোক্তাদের প্রতি ব্যাচে প্রশিক্ষণের ব্যয় বিভাজন:

| ক্রমিক নং | খরচের খাত | পরিমাণ | একক খরচ (টাকা) | দিন | মোট খরচ (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১। | উদ্বোধনী অনুষ্ঠানের নাস্তা খরচ | ৪০ | ৪০.০০ | ১ | ১৬০০.০০ |
| ২। | কৃষক-কৃষাণী/ উদ্যোক্তাদের (যাতায়াতসহ) ভাতা | ৩০ | ৫০০.০০ | ১ | ১৫০০০.০০ |
| ৩। | ওয়ার্কিং লাঞ্চ (দুপুরের আপ্যায়ন) | ৪০ | ৪০০.০০ | ১ | ১৬০০০.০০ |
| ৪। | প্রশিক্ষণ কীটস (হ্যান্ড বুক, প্যাড, কলম, কাগজ, ফটোকপি ইত্যাদি) সরবরাহ | ৩০ | ১০০.০০ | - | ৩০০০.০০ |
| ৫। | প্রশিক্ষকদের সম্মানী ভাতা | ১ (৩য় গ্রেড ও তদূর্ধ্ব) | ৩,৬০০.০০ | ১ | ৩৬০০.০০ |
| | | ৫ (৪র্থ গ্রেড ও তদনিম্ন) | ৩,০০০.০০ | ১ | ১৫০০০.০০ |
| ৬। | কোর্স পরিচালক সম্মানী ভাতা | ১ | ২,০০০.০০ | - | ২০০০.০০ |
| ৭। | সাপোর্ট স্টাফদের সম্মানী | ৩ | ১,০০০.০০ | ১ | ৩০০০.০০ |
| ৮। | রিফ্রেসমেন্ট (চা-নাস্তা) সমাপনী অনুষ্ঠান | ৪০ | ৪০.০০ | ১ | ১৬০০.০০ |
| ৯। | হলভাড়া (চেয়ার টেবিল, প্যান্ডেল, ব্যানার, মাইক ইত্যাদি),<br>মনোহারী (পানির বোতল, ফেশিয়াল টিস্যু, মার্কার পেন ইত্যাদি) | - | ৭,২০০.০০ | - | ৭২০০.০০ |
| | | | | মোট= (আটষট্টি হাজার টাকা) | ৬৮,০০০.০০ টাকা |

